



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

সরকারি বি এম কলেজ, বরিশাল।

Govt. B M College, Barisal.

অধ্যক্ষ : অফিস- ৬৪৭৯৩, বাসা-২১৭৩৫১৪, ফ্যাক্স : ০৪৩১-৬৪৭৯৩, উপাধ্যক্ষ : অফিস- ২১৭৩৫৮৩

১ম বর্ষ অনার্স কোর্সে পুনঃ ভর্তি বিজ্ঞপ্তি

তারিখ : ১৬/০৪/২০১৮

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের ১ম বর্ষ অনার্স কোর্সের যে সকল ছাত্র-ছাত্রী ২০১৭ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশ গ্রহণ করে অনার্স ২য় বর্ষে প্রমোশন পায়নি (Not - Promoted) অথবা ২০১৭ সালের পরীক্ষায় অংশ গ্রহণের আবেদন ফরম পূরণ করেনি এ সকল পরীক্ষার্থী জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের রেগুলেশন অনুযায়ী পুনঃ ভর্তি সাপেক্ষে ২০১৮ সালের ১ম বর্ষ অনার্স পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে। ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের কোন শিক্ষার্থী পুনঃভর্তি ছাড়া অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ পাবে না। এ ধরনের ছাত্র-ছাত্রী অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষার আবেদন ফরম পূরণ করবে।

২০১৮ সালের ১ম বর্ষ অনার্স পরীক্ষায় যে সকল ছাত্র-ছাত্রী অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ফরম পূরণ করবে তারা আগামী ১৬/০৪/২০১৮ তারিখ থেকে ৩০/০৪/২০১৮ ১ম বর্ষ ফরম পূরণের পর্ব পর্যন্ত (সরকারি ছুটির দিন বাদে) পুনঃভর্তির জন্য আবেদন করতে পারবে। পুনঃ ভর্তির নির্ধারিত ফি কলেজের হিসাব শাখায় জমা দেয়ার পর ভর্তি শাখা থেকে পুনঃভর্তির আবেদন ফরম সংগ্রহ করতে হবে। আবেদন ফরমের সাথে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি এবং ০১ কপি রজিন ছবি সংযুক্ত করতে হবে। যারা ২০১৭ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশ গ্রহণ করে অকৃতকার্য হয়েছে তাদের ফলাফল শীটের ফটোকপি এবং রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি সংযুক্ত করতে হবে। পূরণকৃত আবেদন ফরমের নির্ধারিত স্থানে স্ব-স্ব বিভাগীয় প্রধানগণের স্বাক্ষর আনতে হবে ও আবেদনপত্র ভর্তি শাখায় জমা দিতে হবে। অনিয়মিত শিক্ষার্থীদের ভর্তি শাখা থেকে নতুনভাবে শ্রেণি রোল নম্বর প্রদান করা হবে।

পুনঃ ভর্তির টাকার পরিমাণ :

সেশন চার্জ : ১৭৯৫.০০

পুনঃ ভর্তি ফি : ২৫.০০

মোট : ১৮২০.০০

টাকা : (এক হাজার আটশত বিশ মাত্র)

বিঃদ্রঃ ক) বেতন পরীক্ষার ফরম পূরণের ফিসের সাথে জমা নেয়া হবে।)

খ) শিক্ষা সফর ফি ৫০/- হারে এবং ধার্যকৃত সেমিনার সহ অন্যান্য ফি আদায় করে স্ব স্ব বিভাগের সংশ্লিষ্ট ফান্ডে জমা রাখবেন।

(প্রফেসর মোঃ শফিকুর রহমান শিকদার)

অধ্যক্ষ

সরকারি বিএম কলেজ বরিশাল।